

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩১২৪

অমরপুর, ২০ মার্চ, ২০২৫

মৎস্যজীবীদের আর্থসামাজিক মান উন্নয়নে অমরপুরে বিভিন্ন কর্মসূচি রূপায়ণ

গ্রামীণ এলাকার দরিদ্র মৎস্যজীবীদের আর্থসামাজিক মান উন্নয়নে অমরপুর মৎস্য তত্ত্বাবধায়ক কার্যালয় ২০২৪-২৫ অর্থবর্ষে বিভিন্ন কর্মসূচি রূপায়ণ করেছে। তাতে অমরপুর ব্লক এলাকার ৩ হাজার ১৫৪টি মৎস্যজীবী পরিবার উপকৃত হয়েছে। এর মধ্যে প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনায় পুকুর খনন, মাছের খাদ্য ও পোনা বিতরণ সহ নানা কর্মসূচি রূপায়ণে ৬৫ লক্ষ ৫৭ হাজার ৬০০ টাকা ব্যয় করা হয়। তাতে ২১৭টি মৎস্যজীবী পরিবার উপকৃত হয়েছে। মুখ্যমন্ত্রী মৎস্য সম্পদ যোজনায় বিভিন্ন কর্মসূচি রূপায়ণে ব্যয় হয়েছে ২৭ লক্ষ ৪৮ হাজার টাকা। তাতে ২৫৪টি মৎস্যজীবী পরিবার উপকৃত হয়। ২০২৪-২৫ অর্থবর্ষে মৎস্য সহায়ক যোজনায় ৪৪টি পরিবারকে ৬ হাজার টাকা করে আর্থিক সহায়তা প্রদান করা হয়। সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত ২ হাজার ১২৩টি মৎস্যজীবী পরিবারকে আর্থিক সহায়তা প্রদান করা হয়। তাতে মোট ব্যয় হয়েছে ২৫ লক্ষ ৪০ হাজার টাকা। এছাড়াও বন্যায় ক্ষতিগ্রস্ত ১৫০টি মৎস্যজীবী পরিবারকে মাছের খাদ্য, পোনা ইত্যাদি প্রদান করা হয়। অমরপুর মৎস্য তত্ত্বাবধায়ক অজয় দাস এই তথ্য জানিয়েছেন।
